গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০৩.২০২৪/ ১২৬ তারিখ: ২৩/১০/২০২৪ খ্রিঃ।

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৪৭/২০২৪**

**বিষয়ঃ আমদানিতব্য Betelnut নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্রঃ B.S.U Bangladesh Pvt. Ltd. এর ১৫/০৫/২০২৪ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

B.S.U Bangladesh Pvt. Ltd. নামক প্রতিষ্ঠান Betelnut নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারীর নাম | B.S.U Bangladesh Pvt. Ltd. |
| আবেদনকারীর ঠিকানা | 80/1, Karail Vip Road, 5th Floor, Dhaka. |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Betelnut |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Bulk |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | Indonesia |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস | 0802.99.99 |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

Mouth Freshner হিসেবে ব্যবহারের জন্য Betelnut নামক পণ্যটি Bulk প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেনীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিকারক B.S.U Bangladesh Pvt. Ltd. কর্তৃক Betelnut ঘোষণায় পণ্য আমদানির লক্ষ্যে অগ্রিম রুলিং এর আবেদন করা হয়েছে। পণ্যটির এইচ এস কোড প্রস্তাব করা হয়েছে 0802.99.99। আমদানিকারকের আবেদনের সাথে সংযুক্ত Brochure, BCT ও Explanatory Notes পর্যালোচনা করে দেখা যায়- Betelnut (আস্ত) Bulk আকারে আমদানি করা হবে।

Explanatory Notes এর Volume-1 এর পৃষ্ঠা II-08-02-1 তে হেডিং 08.02 এর বর্ণনায় বলা হয়েছে "Other nuts, fresh or dried, whether or not shelled or peeled.

---Betelnuts:
0802.99.11 ----Wrapped/canned upto 2.5 kg
0802.99.12 ----Semi-processed betelnuts packed in 60-80 kg bag
0802.99.99 ----Other

বর্ণিত অবস্থায়, BCT এবং Explanatory Notes এর আলোকে আমদানিতব্য পণ্যটি Betelnut Bulk হিসাবে আমদানি করা হবে বিধায় H.S Code 0802.99.99 তে শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-২৩.১০.২০২৪
(হোসেন আহমদ)
সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি)
ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০৩.২০২৪/ ২২৬ তারিখ: ২৩/১০/২০২৪ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব)/(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/(আপীল) ঢাকা-১/(আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৭। ব্যবস্থাপনা পরিচালক, B.S.U Bangladesh Pvt. Ltd. 80/1, Karail Vip Road, 5th Floor, Dhaka.

২৩/১০/২৪
(তানভীর আহমেদ)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ও
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ই-মেইল: nbrclassification@gmail.com